

SSA

দক্ষ শিক্ষা সার্ভিস
উন্নয়ন
স্বতন্ত্র

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উচ্চ মাধ্যমিক শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (এইচএসটিআই)
শিক্ষা মন্ত্রণালয়
কাশিপুর, বরিশাল-৮২০০।
ওয়েব সাইট : www.hsttibarisal.gov.bd



স্মারক নং - উমাশিপ্রই(বরি)/প্রশি/২০১৯/৭৪৫

তারিখ : ০৭/০৯/২০১৯ খ্রি.

বিষয় : বিষয়ভিত্তিক 'পেশাগত উন্নয়ন' বিষয়ক প্রশিক্ষণ কোর্সের ৮৩, ৮৪, ৮৫ ও ৮৬তম ব্যাচ এবং কম্পিউটার প্রশিক্ষণ কোর্স ৬৪, ৬৫, ৬৬, ৬৭ ও ৬৮তম ব্যাচের প্রশিক্ষণার্থী শিক্ষক মনোনয়ন প্রসঙ্গে।

সূত্র : স্মারক নং- ৩৭.০২.০০০০.১১০.৫২.১৪৩.১৫/৪২৫ তারিখ: ০৫/০৯/২০১৯ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০১৯-২০২০ অর্থ বছরে মাউশি অধিদপ্তরের প্রশিক্ষণ কর্মসূচী অনুযায়ী প্রশিক্ষণ কার্যক্রম সংযুক্ত ছক-১ এ বর্ণিত বিষয়সমূহের শিক্ষকদের 'পেশাগত উন্নয়ন' বিষয়ক প্রশিক্ষণ কোর্স এবং সংযুক্ত ছক- ২ এ কম্পিউটার বিষয়ক প্রশিক্ষণ কোর্সে আগামী ১৫/০৯/২০১৯ খ্রি. ও ২১/০৯/২০১৯ খ্রি. তারিখ থেকে পর্যায়ক্রমে এইচএস.টি.আই, বরিশালে অনুষ্ঠিত হবে। আপনার প্রতিষ্ঠান থেকে প্রদত্ত হলে, বিষয় ও তারিখ অনুসারে প্রতি বিষয়ে এক জন করে প্রভাষক/সহকারী অধ্যাপককে প্রশিক্ষণে অংশগ্রহণের লক্ষ্যে মনোনয়ন দিয়ে আগামী ১২/০৯/২০১৯ খ্রি. তারিখের মধ্যে Soft Copy ই-মেইল barisalhstti@gmail.com এ এবং Hard Copy ডাকযোগে প্রেরণ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হল। মাউশি অধিদপ্তরের স্মারক নং ৩৭.০২.০০০০.১১০. ১৮.৪১.২০১৬-২৬৫ তারিখ- ০৭/০৩/২০১৬ খ্রি. মোতাবেক মনোনীত শিক্ষকগণের প্রশিক্ষণে অংশগ্রহণ বাধ্যতামূলক এবং মনোনীত শিক্ষকগণ প্রশিক্ষণ শুরু হওয়ার দিন থেকে নিজ নিজ প্রতিষ্ঠান থেকে তাৎক্ষণিক বিমুক্ত (Stand Release) বলে গণ্য হবেন। প্রশিক্ষণে অংশগ্রহণ না করলে বিধি মোতাবেক শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে। উল্লেখ্য যে, সৃজনশীল পদ্ধতিতে বিষয়ভিত্তিক অধিবেশন লেওয়া হয়।

প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য মনোনীত শিক্ষককে নিম্নবর্ণিত নির্দেশাবলি অনুসরণ করতে হবে।

- ০১) কলেজ ও ব্যক্তিগত ইনডেল্ল (যদি থাকে) নম্বরসহ প্রতিষ্ঠান প্রধান কর্তৃক মনোনয়নপত্র।
- ০২) দুই কপি পাসপোর্ট ও এক কপি স্ট্যাম্প সাইজের ছবি।
- ০৩) জাতীয় পরিচয়পত্রের ফটোকপি।
- ০৪) ন্যূনতম মেন্স খরচ ৩০০০/-টাকা সঙ্গে আনতে হবে।
- ০৫) যে সকল প্রশিক্ষণার্থী এ ট্রেনিং করেননি এবং যারা ০১/০৬/২০১৬ তারিখের পূর্বে এ ট্রেনিং করেছেন উভয়ের জন্যই এ ট্রেনিং বাধ্যতামূলক।
- ০৬) প্রশিক্ষণ শুরুর আগের দিন সন্ধ্যা ৭টার মধ্যে ক্যাম্পাসে অবস্থিত হোস্টেলে অবস্থান করতে হবে।
- ০৭) প্রশিক্ষণের দিন সকাল ৯: ০০টা থেকে ৯:১৫ টার মধ্যে রেজিস্ট্রেশন সম্পন্ন হবে। নির্ধারিত সময়ের পরে আসন শুন্য থাকা সাপেক্ষে প্রশিক্ষণে অংশ গ্রহণে সুযোগ দেয়া যেতে পারে।
- ০৮) প্রশিক্ষণার্থীগণ দৈনিক ভাতা ৩৫০/- টাকা এবং বিধি মোতাবেক অন্যান্য ভাতাদি প্রাপ্য হবেন।
- ০৯) প্রতিটি ব্যাচে বিষয়ভিত্তিক আসন সংখ্যা ৮০ (৪০+৪০), এক কম্পিউটার ২০ জন, মনোনীত শিক্ষকদের ই-মেইল এর মাধ্যমে হুড়ুত মনোনয়ন নিশ্চিত করা হবে এবং প্রতিষ্ঠানের ওয়েব সাইট (www.hsttibarisal.gov.bd) এ পাওয়া যাবে।
- ১০) প্রশিক্ষণ সংক্রান্ত বিষয়ে প্রয়োজনে জনাব মো: জয়নুল আবেদীন, প্রশাসনিক কর্মকর্তা (মোবাইল ০১৭১২৭৩২৭৪৭) এর সাথে যোগাযোগ করা যেতে পারে।
- ১১) কম্পিউটার প্রশিক্ষণে বিজ্ঞান শিক্ষকদের অগ্রাধিকার দেওয়ার অনুরোধ করছি।

প্রাপক : অধ্যক্ষ

বরিশাল বিভাগের সকল কলেজ ও ফরিদপুর, রাজবাড়ী,
গোপালগঞ্জ, মাদারীপুর, শরীয়তপুর জেলাসমূহের সকল
কলেজ।

প্রশিক্ষণার্থী
এইচ এস টি আই, বরিশাল।

ই-মেইল: barisalhstti@gmail.com

সদয় অবগতির জন্য অনুলিপি ৪ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

- ১) সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৩) পরিচালক (প্রশিক্ষণ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৪) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, বরিশাল/ঢাকা।
- ৫) আঞ্চলিক পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, বরিশাল/ঢাকা অঞ্চল।
- ৬) সংরক্ষণ নথি

ছকপত্র-০১

2

প্রতিষ্ঠানের নাম:

ঠিকানা :

নিম্নলিখিত শিক্ষকদেরকে 'পেশাগত উন্নয়ন' বিষয়ক প্রশিক্ষণ কোর্সের ৮৩, ৮৪, ৮৫ ও ৮৬তম ব্যাচে অংশ গ্রহণের জন্য মনোনয়ন দিয়ে প্রেরণ করা হলো।

কোর্সের বিষয়, মেয়াদ ও ব্যাচ নং			
ইসলামের ইতিহাস ও পৌরনীতি ১৫/০৯/২০১৯-২৪/১০/২০১৯ ব্যাচ-৮৩	ইসলাম শিক্ষা ও অর্থনীতি ০৩/১১/২০১৯-১২/১২/২০১৯ ব্যাচ-৮৪	বাংলা ও সমাজকর্ম ০৪/০১/২০২০-১৩/০২/২০২০ ব্যাচ-৮৫	পদার্থবিজ্ঞান ও ব্যবস্থাপনা ১৫/০৩/২০২০-২৩/০৪/২০২০ ব্যাচ-৮৬
মনোনিত শিক্ষকের নাম, পদবী, বিষয় ও মোবাইল	মনোনিত শিক্ষকের নাম, পদবী, বিষয় ও মোবাইল	মনোনিত শিক্ষকের নাম, পদবী, বিষয় ও মোবাইল	মনোনিত শিক্ষকের নাম, পদবী, বিষয় ও মোবাইল

অধ্যক্ষের স্বাক্ষর ও সীল

ছকপত্র-০২

প্রতিষ্ঠানের নাম:

ঠিকানা :

নিম্নলিখিত শিক্ষকদেরকে 'কম্পিউটার' বিষয়ক প্রশিক্ষণ কোর্সের ৬৪, ৬৫, ৬৬, ৬৭ ও ৬৮তম ব্যাচে অংশ গ্রহণের জন্য মনোনয়ন দিয়ে প্রেরণ করা হলো।

কোর্সের মেয়াদ ও ব্যাচ নং				
২১/০৯/২০১৯- ১৭/১০/২০১৯ ৬৪তম ব্যাচ	০২/১১/২০১৯- ২৮/১১/২০১৯ ৬৫তম ব্যাচ	২১/১২/২০১৯- ১৬/০১/২০২০ ৬৬তম ব্যাচ	২৫/০১/২০২০- ২০/০২/২০২০ ৬৭তম ব্যাচ	২৫/০২/২০২০- ২২/০৩/২০২০ ৬৮তম ব্যাচ
মনোনিত শিক্ষকের নাম, পদবী, বিষয় ও মোবাইল	মনোনিত শিক্ষকের নাম, পদবী, বিষয় ও মোবাইল	মনোনিত শিক্ষকের নাম, পদবী, বিষয় ও মোবাইল	মনোনিত শিক্ষকের নাম, পদবী, বিষয় ও মোবাইল	মনোনিত শিক্ষকের নাম, পদবী, বিষয় ও মোবাইল

অধ্যক্ষের স্বাক্ষর ও সীল